# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৬

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মুসলিম ব্যক্তির জন্য আবশ্যক হলো আল্লাহর রহমত থেকে নিরাশ না হওয়া অনুরুপভাবে তাদের জন্য আবশ্যক হলো আল্লাহর প্রশস্ত রহমতের উপর ভরসা করে বসে না থাকা যদিও তার আমল অনেক বেশি হয়

## ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ الْمُسْلِمِ مِنْ تَرْكِ الْقُنُوطِ مِنْ رَحْمَةِ اللَّهِ جَلَّ وَعَلَا مَعَ تَرْكِ الِاتِّكَالِ عَلَى سَعَةِ رَحْمَتِهِ وَإِنْ كثُرت أَعْمالُهُ

---

আরবী

أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا الْقَعْنَبِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ عَنِ الْعَلَاءِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ:
(لَوْ يعلمُ المُؤْمِنُ مَا عِنْدَ اللَّهِ مِنَ الْعُقُوبَةِ مَا طَمِعَ فِي الْجَنَّةِ أَحَدٌ وَلَوْ يَعْلَمُ الْكَافِرُ مَا عِنْدَ اللَّهِ مِنَ الرَّحْمَةِ مَا قنط من الجنة أحد.)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 346 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৪৬. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যদি মু'মিন ব্যক্তি জানতো আল্লাহর নিকট কী পরিমান শাস্তি আছে, তবে কোন ব্যক্তিই জান্নাতের আশা করতো না, আর যদি কোন কাফির ব্যক্তি জানতো যে, আল্লাহর কাছে কী পরিমাণ রহমত আছে, তবে তাঁর জান্নাত থেকে কেউ নিরাশ হতো না।”[1]

ফুটনোট

[1] তিরমিযী: ৩৫৪২; মুসনাদ আহমাদ: ২/৩৩৪; সহীহ আল বুখারী: ৬৪৬৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪১৮০।

হাদীসটির সানাদকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে উত্তম বলেছেন। আল্লামা নাসির

উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৬৩৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88645

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন